গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd



নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০১১.২৭.০০৬৮.২৩.২১৬৯

তারিখ: ১ আশ্বিন ১৪৩৩
১৬ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশনা প্রসঙ্গে।**

সূত্র:
ক। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখা এর স্মারক নং-৪৪. ০৩.০০০০.০১১.২৭.০৬৯,২৩ ২০১৫ তারিখ: ১০/০৯/২০২৩ খ্রি.।
খ। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখা এর স্মারক নং-৪৪.০৩. ০০০০.০১১.০২৭.০৪৮.০৮.১২৭১, তারিখ: ০৩/০৬/২০২৫ খ্রি.।
গ। জনপ্রশাসন মন্ত্রণালয় এর স্মারক নং ০৫,০০,০০০০,১৭৩.০১৮.০১৪.০৭-১৩৬ তারিখ: ০৭/০৫/২০২০ খ্রি.।

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রপত্র 'ক ও খ' মূলে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশনা জারি করা হলেও তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। সূত্রপত্র 'গ' মূলে 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)' অনুসরণের নির্দেশনা জারি রয়েছে।

২। সাম্প্রতিককালে লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় দেশি-বিদেশি স্বার্থান্বেষী মহল 'হানি ট্র্যাপের টার্গেট' হিসেবে ফেইসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে ইউনিফর্ম পরিহিত প্রোফাইলধারীদের সহজেই শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে সম্পৃক্ত করছে। এতদপ্রেক্ষিতে, উল্লিখিত ০৩ (তিন) টি পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণের পাশাপাশি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মরত কর্মকর্তা, কর্মচারী, সদস্য-সদস্যাগণ কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি প্রতিপালন করতে পুনরায় নির্দেশনা প্রদান করা হলোঃ

ক। বাহিনী কর্তৃক অননুমোদিত ও নিজস্ব ফেইসবুক, ইনস্টাগ্রাম, টিকটক, মেসেঞ্জার, ইমো, ইউটিউবসহ সকল সামাজিক যোগাযোগ মাধ্যমে ইউনিফর্ম পরিহিত কোন ছবি বা ভিডিও আপলোড করা যাবে না;

খ। কোন সামাজিক যোগাযোগ মাধ্যম এর প্রোফাইল এ ইউনিফর্ম পরিহিত ছবি বা ভিডিও ব্যবহার করা যাবে না।

গ। বাহিনী কর্তৃক প্রদত্ত সরকারি নাম্বার দ্বারা পরিচালিত শুধু মাত্র হোয়াটসঅ্যাপ এর প্রোফাইল এ ইউনিফর্ম পরিহিত ছবি ব্যবহার করা যাবে।

৩। বাহিনীর কর্মকর্তা,কর্মচারী, সদস্য-সদস্যাদের সামাজিক যোগাযোগ মাধ্যমে বর্ণিত নির্দশনার ব্যত্যয় সংক্রান্ত বিষয়াদি পর্যবেক্ষণের জন্য বাংলদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন কার্যালয়ে ক্রোড়পত্র-ক এ বর্ণিত বিবরণ মোতাবেক কমিটি গঠন করতে হবে।

৪। **একাডেমি ও মাঠ পর্যায়ের কমিটির কার্যক্রম।** বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন কার্যালয়ে গঠিত কমিটি সংশ্লিষ্ট কার্যালয়ে কর্মরত কর্মকর্তা, কর্মচারী, সদস্য-সদস্যাগণ কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে বর্ণিত নির্দেশনার কোন প্রকার ব্যত্যয় পরিরিক্ষিত হলে প্রযোজ্য ব্যবস্থা গ্রহণের জন্য সদর দপ্তরের গঠিত কমিটির নিকট পত্র প্রেরণ করবে।

৫। **সদর দপ্তরের কমিটির কার্যক্রম।** সদর দপ্তরে কর্মরত কর্মকর্তা,কর্মচারী, সদস্য-সদস্যাদের সামাজিক যোগাযোগ মাধ্যমে বর্ণিত নির্দশনার ব্যত্যয় সংক্রান্ত বিষয়াদি পর্যবেক্ষণকরত এবং বিভিন্ন ইউনিটে গঠিত কমিটি হতে প্রাপ্ত অভিযোগের বিষয়ে যাচাই-বাছাইপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সদর দপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রমাণাদিসহ প্রতিবেদন দাখিল করবে।

৬। উল্লেখ্য, ক্রোড়পত্র-খ এ উল্লিখিত ছক মোতাবেক কমান্ড্যান্ট, একাডেমি কর্তৃক একাডেমির তথ্যাদি, উপমহাপরিচালক (রেঞ্জ), পরিচালক, কুমিল্লা (রেঞ্জ) কর্তৃক রেঞ্জাধীন ইউনিটের তথ্যাদি, পরিচালক, ঢাকা মহানগর আনসার কর্তৃক ঢাকা মহানগর আনসার এর তথ্যাদি একত্রিত করে এবং সদর দপ্তরে গঠিত কমিটি কর্তৃক সদর দপ্তরের তথ্যাদি, আনসার গার্ড ব্যাটালিয়ন ও ভিটিসি, ঢাকা ও গাজীপুর এর তথ্যাদি সরাসরি প্রতি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে প্রশাসন শাখা, সদর দপ্তর, খিলগাঁও, প্রেরণ করতে হবে।

৭। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তিসমূহঃ

(১) ক্রোড়পত্র ক

(২) ক্রোড়পত্র খ

১৬-০৯-২০২৬
মো: আবু বকর সিদ্দিক , বিভিএমএস
বিএভি-১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন)
ফোন : ০১৩৩৫৩০০২৬১
ইমেইল : ddadmin@ansarvdp.gov.bd

নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০১১.২৭.০০৬৮.২৩.২১৬৯/১(১৯)

তারিখ: ১ আশ্বিন ১৪৩৩ / ১৬ সেপ্টেম্বর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
২। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
৩। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৪। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,.....।
৫। পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা।
৬। পরিচালক, ঢাকা মহানগর আনসার (ডিএমএ)।
৭। তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর।
৮। পরিচালক (সকল)....., বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/ বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
৯। অধিনায়ক (সকল).....আনসার ব্যাটালিয়ন (.....বিএন).....।
১০। অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা।
১১। আইন কর্মকর্তা (অতিরিক্ত জেলা দায়রা জজ)/নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১২। উপপরিচালক (সকল)....., বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/ বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
১৩। জেলা কমান্ড্যান্ট (সকল), জেলা কমান্ড্যান্টের কার্যালয়.....।
১৪। জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম.....।
১৫। অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর।
১৬। সহকারী পরিচালক (সকল)....., বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/ বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
১৭। আইসিটি শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১৮। জনাব, ...।
১৯। অফিস ও মাস্টার কপি, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১৬-০৯-২০২৬
মো: আবু বকর সিদ্দিক , বিভিএমএস
বিএভি-১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন)

ফেইসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে বাহিনীর সদস্যগণের কার্যক্রম পর্যবেক্ষণ সংক্রান্ত কমিটি।

১। **সদর দপ্তরের কমিটি।**

ক।	পরিচালক (মনিটরিং), সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	- সভাপতি
খ।	উপপরিচালক (আইসিটি), সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	- সদস্য
গ।	উপপরিচালক (ব্যাটালিয়ন রেকর্ড), সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	- সদস্য
ঘ।	২ × সার্কেল অ্যাডজুট্যান্ট/সহকারী অ্যাডজুট্যান্ট [পরিচালক (প্রশাসন-উইং) কর্তৃক মনোনীত]	- সদস্য

২। **আনসার ও ভিডিপি একাডেমির কমিটি**। কমান্ড্যান্ট, একাডেমি কর্তৃক একাডেমির কর্মকর্তাগণের সমন্বয়ে নিম্নরূপ কমিটি গঠিত হবে:

ক।	১ × পরিচালক	- সভাপতি
খ।	১ × উপপরিচালক	- সদস্য
গ।	১ × সহকারী পরিচালক	- সদস্য
ঘ।	২ × সার্কেল অ্যাডজুট্যান্ট/সহকারী অ্যাডজুট্যান্ট	- সদস্য

৩। **আনসার ব্যাটালিয়নের কমিটি**। অধিনায়ক, আনসার ব্যাটালিয়ন কর্তৃক নিম্নরূপ কমিটি গঠিত হবে:

ক।	অধিনায়ক, আনসার ব্যাটালিয়ন	- সভাপতি
খ।	১ × উপপরিচালক/সহকারী পরিচালক	- সদস্য
গ।	১ × সহকারী পরিচালক/সার্কেল অ্যাডজুট্যান্ট	- সদস্য
ঘ।	ন্যূনতম ০২ জন আনসার ব্যাটালিয়ন সদস্য	- সদস্য

৪। **জেলা কার্যালয়ের জন্য**। জেলা কমান্ড্যান্ট কর্তৃক নিম্নরূপ কমিটি গঠিত হবে:

ক।	জেলা কমান্ড্যান্ট	- সভাপতি
খ।	১ × সহকারী পরিচালক/সার্কেল অ্যাডজুট্যান্ট	- সদস্য
গ।	৩ × উপজেলা/থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা/ উপজেলা/থানা প্রশিক্ষক/প্রশিক্ষিকা	- সদস্য

৫। **জোন কার্যালয়ের জন্য**। জোন অধিনায়ক কর্তৃক নিম্নরূপ কমিটি গঠিত হবে:

ক।	জোন অধিনায়ক	- সভাপতি
খ।	১ × সহকারী পরিচালক/থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা	- সদস্য
গ।	৩ × থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা/থানা প্রশিক্ষক/প্রশিক্ষিকা	- সদস্য

ক্রোড়পত্র-খ

কার্যালয়ের নাম: সদর দপ্তর/একাডেমি/রেঞ্জ/ঢাকা মহানগর আনসার

ক্রমিক	দপ্তর/অধীন ইউনিটের নাম	পত্রের নির্দেশনা ব্যত্যয়কারী কর্মকর্তা, কর্মচারী, সদস্য-সদস্যার নাম ও পদবি	ব্যত্যয়ের বিবরণ	গৃহিত ব্যবস্থা	তারিখ	মন্তব্য
১						
২						